



সংরক্ষিত মহিলা আসনে সাক্ষাৎকারের সময়সূচি প্রকাশ করল বিএনপি



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে সংরক্ষিত মহিলা আসনের জন্য মনোনয়ন ফরম জমা দেওয়া প্রার্থীদের সাক্ষাৎকারের সময়সূচি ঘোষণা করেছে বিএনপি।

বৃহস্পতিবার (১৬ এপ্রিল) দলের সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভীর স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মনোনয়নপ্রত্যাশীদের সাক্ষাৎকার বিএনপি চেয়ারম্যানের গুলশান কার্যালয়ে নির্ধারিত সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে। ১৭ এপ্রিল শুক্রবার বিকেল ৩টায় রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল ও ফরিদপুর বিভাগের অন্তর্ভুক্ত জেলার প্রার্থীদের সাক্ষাৎকার নেওয়া হবে।

পরদিন ১৮ এপ্রিল শনিবার একই সময়ে ঢাকা, চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট ও ময়মনসিংহ বিভাগের প্রার্থীদের সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, চলতি বছরের ১২ ফেব্রুয়ারির নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে সরকার গঠন করেছে বিএনপি।

LENS ASIA